

যুগান্তর

মাদ্রাসাই নেই, মাঠ ভরাটের টাকা আনলেন আ'লীগ নেতা

প্রকাশ : ২৮ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



মোহাম্মদ নান্নু মৃধা, ডামুড্যা
(শরীয়তপুর)

শরীয়তপুর জেলার ডামুড্যা উপজেলার ধানকাটি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মো. শাহজাহান মাদবর তার নিজ গ্রাম মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসার মাঠ মাটি দিয়ে ভরাটের নামে একটি ভুয়া প্রকল্পের নামে স্থানীয় সংসদ সদস্যের কাছ থেকে ৪৪ হাজার টাকার বরাদ্দ এনেছেন। আর এই নামের কোনো মাদ্রাসার অস্তিত্ব নেই ধানকাটি ইউনিয়নের মডের কান্দি গ্রামে।

সরেজমিন ঘুরে স্থানীয়দের কাছে জানা যায়, জেলার ডামুড্যা উপজেলার ধানকাটি ইউনিয়ন যুগ্ম-সাধারণ সম্পাদক মো. শাহজাহান মাদবর তার নিজ গ্রাম মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসার মাঠ মাটি দ্বারা ভরাটের নামে একটি ভুয়া প্রকল্পের নাম দেন স্থানীয় সংসদ সদস্য নাহিম রাজ্জাকের কাছে। সংসদ সদস্য নামের তালিকা পেয়ে মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসার মাঠ মাটি দিয়ে ভরাট করার জন্য ৪৪ হাজার টাকার বরাদ্দ দিয়েছে। ওই প্রকল্পের নামে টাকা বরাদ্দের খবর পেয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার বরাবর মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসার মাঠ মাটি ভরাটের নামে ধানকাটি ইউনিয়ন যুগ্ম-সাধারণ সম্পাদক মো. শাহজাহান মাদবর সভাপতি হয়ে ৫ সদস্যের একটি কমিটি গঠন করে জমা দেন। সংসদ সদস্যের বরাদ্দের নামের তালিকা ও মাদ্রাসার কমিটি পেয়ে বরাদ্দের চেক প্রস্তুত করেন ডামুড্যা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। এর আগে আরও একবার এই প্রকল্পের নামে ৪০ হাজার টাকা উত্তোলন করেছিলেন শাহজাহান মাদবর।

এ বিষয়ে ধানকাটি ইউপির সংরক্ষিত মহিলা সদস্য নিপা আক্তার, আবদুর রশিদ বেপারী, কামাল হোসেন বলেন, ধানকাটি ইউনিয়নে মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসা নামে কোনো মাদ্রাসা নাই।

ধানকাটি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মো. শাহজাহান মাদবর বলেন, মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসার নামে জমি রয়েছে। এই জমি ভরাট করার জন্য এমপি সাহেবের কাছ থেকে ৪৪ হাজার টাকা বরাদ্দ এনেছি। প্রকল্প কর্মকর্তা বলেছে কাজ করার পরে টাকা দেবেন। এর আগেও এই মাদ্রাসার নামে ৪০ হাজার টাকা পেয়েছি। তা দিয়ে কিছু মাটি কেটে ভরাট করা হয়েছে।

ডামুড্যা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোস্তফা কামাল বলেন, মডেরকান্দি ক্যাডেট মাদ্রাসার মাঠ মাটি দ্বারা উন্নয়ন নামে সংসদ সদস্যের বরাদ্দের নামের তালিকায় একটি নাম পেয়েছি ও মাদ্রাসার বরাদ্দের কমিটি পেয়ে বরাদ্দের চেকও প্রস্তুত করেছিলাম। এই নামের বিরুদ্ধে অভিযোগ আসায় চেক বিতরণ করিনি। শাহজাহান মাদবরকে বলেছি কাজ করবেন তার পরে আমরা সরেজমিনে গিয়ে তদন্ত করে কাজ বাস্তবায়ন হয়েছে কিনা দেখে বিল দেব। তবে এই মাদ্রাসা দেখিয়ে গত অর্থবছরে টাকা উত্তোলন করেছেন শাহজাহান মাদবর।

উপজেলা নির্বাহী অফিসার দিলরুবা শারমিন বলেন, এ ব্যাপারটা আমার জানা নেই। আপনার মাধ্যমেই ব্যাপারটা জানলাম। তদন্তসাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেব।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।